রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ডিসেম্বর ৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ/৩০ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩৫৩-আইন/আয়কর/২০২১।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার স্বাধীনতার পঞ্চাশ বছর পূর্তি ও মুজিব বর্ষ উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক নিউইয়র্কের ম্যাডিসন স্কোয়ার গার্ডেনে Golden Jubilee Bangladesh Concert শীর্ষক কনসার্ট আয়োজনের উদ্দেশ্যে স্পন্সরদের নিকট হইতে সংগৃহীত অনুদান হইতে প্রাপ্ত আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপনীয় আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তাবলি :

(ক) স্পন্সরদের নিকট হইতে সংগৃহীত অর্থ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের নিম্নবর্ণিত ব্যাংক হিসাবে চেক/পে-অর্ডারের মাধ্যমে জমা হইবে—

Account Title	Routing No.	Swift Code	Account No	Branch Name	Bank Name
Golden Jubilee Bangladesh Concert	225261732	CIBLBDDH	1403370177001	Gulshan Avenue Branch	The City Bank Limited

মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(খ) দফা (ক) এ উল্লিখিত হিসাবে জমাকৃত অর্থ যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থিত বাংলাদেশ কনসুলেট জেনারেলের নিম্নবর্ণিত অফিসিয়াল হিসাবে স্থানান্তরিত হইবে—

Account Title	Routing No.	Bank Name	Swift Code	Currency	Branch Address
Consulate General of Bangladesh New York	226005252624	Bank of America	BOFAUS3N	USD	222 Broadway New York 10038

(গ) কনসার্ট হইতে সংগৃহীত অর্থ United Nations Development Programme (UNDP) এর মাধ্যমে বিভিন্ন দেশের শিশুদের সাইবার সিকিউরিটি সম্পর্কিত সচেতনতার নিমিত্ত ব্যয় করিতে হইবে; এবং

(ঘ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষকে নিয়মিতভাবে উক্ত Ordinance এর Section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করতে হবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com